

জেলার নামঃ কক্সবাজার।

প্রশ্ন ১) PlayStore থেকে যদি কোন সফটওয়্যার Install করা হয় সেটা আমাদের জন্য ক্ষতিকর কিনা?

উত্তরঃ PlayStore থেকে যদি কোন সফটওয়্যার Install করা হলে সেটা আমাদের জন্য সাধারণত ক্ষতিকর না। তবে খেয়াল রাখতে হবে যেন যে Apps টা Install করা হচ্ছে তার সাথে যেন অন্য কোন Third party Apps Install না হয়ে যায়। যদি এমন হয় তবে আমাদের Device হ্যাক হয়ে যেতে পারে। যত কম Apps ব্যবহার করা হবে ততই আমাদের Device গুলো নিরাপদ থাকবে।

প্রশ্ন ২) আমাদের Device এ যদি কোন সফটওয়্যার Install করা হয় তবে কিছু ব্যক্তিগত তথ্য চাওয়া হয় তবে তা সাইবার ক্রাইমের মধ্যে পরে কিনা?

উত্তরঃ আমাদের Device এ যদি কোন সফটওয়্যার Install করা হয় তবে কিছু ব্যক্তিগত তথ্য চাওয়া হয় তবে তা সাইবার ক্রাইমের মধ্যে পরে না। কারণ এর মাধ্যমে Apps কর্তৃপক্ষ User এর তথ্য যাচাই করে থাকে। কাজেই এটা কোন সাইবার ক্রাইমের মধ্যে পরে না।

প্রশ্ন ৩) অনলাইন গেম বন্ধ করা যায় কিনা ?

উত্তরঃ ফ্রি ফায়ার ও পাবজির মতো জনপ্রিয় দুই অনলাইন গেম বন্ধ হতে যাচ্ছে বাংলাদেশে। এর আগে পাবজি সাময়িকভাবে বন্ধ করা হলেও পরে আবার চালু করা হয়। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে এরইমধ্যে বিষয়টি নিয়ে সুপারিশ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে এ সুপারিশ করা হয়েছে। বিষয়টি নিয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটিতেও আলোচনা হয়। সেখানে ওই দুই গেমের আসক্তি নিয়ে উদ্বেগ জানানো হয়। সম্প্রতি ফ্রি ফায়ার ও পাবজি নিয়ন্ত্রণে জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছে বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় জানিয়েছে, ওই দুটি গেম কিশোর-কিশোরী ও তরুণদের মধ্যে আসক্তি তৈরি করেছে।

প্রশ্ন ৪) ফেসবুক আইডি হ্যাক হলে কি করবো ?

উত্তরঃ আপনার ফেসবুক আইডি হ্যাক হওয়া মাত্রই নিম্নলিখিত পদক্ষেপ নিতে পারেন।

১. প্রথমে <http://www.facebook.com/hacked> লিঙ্কে প্রবেশ করুন।

২. এরপর “My account is compromised” বাটনে ক্লিক করুন। হ্যাক হওয়া অ্যাকাউন্টের তথ্য চাওয়া হলে সেখানে উল্লেখ করা দুটি অপশনের (ইমেইল বা ফোন নম্বর) যে কোনো একটির ইনফরমেশন দিন।

৩. প্রদত্ত তথ্য সঠিক হলে প্রকৃত অ্যাকাউন্টটি দেখাবে এবং আপনার বর্তমান অথবা পুরাতন পাসওয়ার্ড চাইবে। এখানে আপনার পুরাতন পাসওয়ার্ডটি দিয়ে কন্টিনিউ করুন।

৪. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস পরিবর্তন না করে থাকে তবে আপনার ইমেইলে রিকভারি অপশন পাঠানো হবে। এর মাধ্যমে অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

৫. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস, ফোন নম্বরসহ লগইন করার জন্য প্রয়োজনীয় তথ্য পরিবর্তন করে থাকে তবে **Need another way to authentication? -> Submit a request to Facebook** এ ক্লিক করলে ফেসবুক প্রোফাইলটি উদ্ধারের জন্য প্রয়োজনীয় তথ্য ও আইডি সরবরাহের ফর্ম পূরণের মাধ্যমে হ্যাকড অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

সোশ্যাল মিডিয়া হ্যাকিংয়ের শিকার হলে আপনি স্বশরীরেও সিআইডি'র সাইবার পুলিশ সেন্টারে গিয়ে অভিযোগ জানাতে পারেন। সর্বোপরি ফেসবুক হ্যাক হলে যত দূত সম্ভব নিকটস্থ থানা পুলিশকে অবহিত করুন।

আইনগত প্রতিকারঃ ডিজিটাল নিরাপত্তা আইনের ৩৪ ধারা অনুযায়ী হ্যাকিং একটি আমলযোগ্য অপরাধ। সুতরাং ডিজিটাল নিরাপত্তা আইনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

যদি কোনো ব্যক্তি হ্যাকিং করেন, তা হলে সেটি হবে একটি অপরাধ এবং উক্ত ব্যক্তি অনধিক ১৪ (চৌদ্দ) বৎসর কারাদণ্ডে বা অনধিক ১ (এক) কোটি টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তা হলে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে বা অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

প্রশ্ন ৫) অনেক সময় দেখা যায় যে ব্রাউজারে অনেক অবাঞ্ছিত সাইটের লিংক চলে আসে এগুলো কিভাবে এড়ানো সম্ভব?

উত্তরঃ অনেক সময় দেখা যায় ব্রাউজার ওপেন করলেই বিজ্ঞাপন এবং পপআপে ভর্তি হয়ে থাকে স্ক্রিন। এসব বিরক্তিকর বিজ্ঞাপন মাঝে মাঝে আমাদের গুরুত্বপূর্ণ কাজে বাধা সৃষ্টি করে। এখানে গুগলক্রোমে কি করে এসব বিরক্তিকর বিজ্ঞাপন এবং পপআপ ব্লক করবেন তা বর্ণনা করা হলঃ

১) প্রথমেই গুগলক্রোম ব্রাউজার ওপেন করে উপরে একেবারে ডানে কোনায় কাস্টোমাইজ এবং কন্ট্রোল বাটনে ক্লিক করে করে **Settings** এ ক্লিক করুন।

২) এখন **Extensions** সিলেক্ট করে নিচে **Get more extensions** এ ক্লিক করুন।

৩) এখন সার্চ বক্সে **adblock plus** লিখে সার্চ করুন এবং **adblock** গুগলক্রোমে অ্যাড করুন।

৪) অনুরূপভাবে **adblock plus pop up** লিখে সার্চ করে **popper blocker** গুগলক্রোমে অ্যাড করুন।

৫) এখন আপনার **Extensions** এ পুনরায় গেলে এই দুটি অ্যাডব্লককার অপশন খুঁজে পাবেন। ব্যাস এখন দেখবেন আপনার ক্রোম ব্রাউজারে আর বিরক্তিকর ও অবাঞ্ছিত বিজ্ঞাপন এবং পপআপ দেখাচ্ছেনা।